

## মেধাবী শিক্ষার্থীদের যুক্তরাষ্ট্রে থাকার আহ্বান ট্রাম্পের

মার্কিন যুক্তরাষ্ট্রে পড়তে আসা বিদেশি মেধাবী শিক্ষার্থীদের যুক্তরাষ্ট্রে অবস্থানের আহ্বান জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার এক সংবাদ সম্মেলনে শিক্ষার্থীদের উদ্দেশে তিনি এই কথা বলেন।

ট্রাম্প বলেন, 'মার্কিন কলেজে ভর্তি হওয়া বিদেশি শিক্ষার্থীদের অধিকাংশই তাদের শিক্ষাজীবন শেষ করে দেশে ফিরে যান। তাদের উদ্দেশে এ দেশে থাকুন। আমেরিকার উন্নয়নের জন্য কাজ করুন।'

প্রেসিডেন্ট আরও বলেন, অভিবাসন প্রক্রিয়ায় বড় ধরনের ফাঁকফোকর রয়েছে। অভিবাসন নীতির কারণে অনেক প্রতিভাবান শিক্ষার্থী এ দেশে পাঠ শেষ করে ফিরে যাচ্ছেন। এর ফলে আমরা অনেক প্রতিভাধর শিক্ষার্থীদের হারাচ্ছি। এ দেশে অসংখ্য কাজের সুযোগ রয়েছে। শীঘ্রই অভিবাসন প্রক্রিয়া ত্রুটিমুক্ত করে মেধাবীদের অবস্থান নিশ্চিতকরণ করা হবে বলেও জানান তিনি।